

শিক্ষার্থীদের জন্য ইস্ট ওয়েস্ট ও বাংলালিংকের নতুন চুক্তি

শিক্ষার্থীদের পেশাগত উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলালিংকের সঙ্গে নতুন সমঝোতা চুক্তি করেছে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি। এ চুক্তির মাধ্যমে বিশ্ববিদ্যালয়টির শিক্ষার্থীরা বাংলালিংকের অভিজ্ঞ কর্মকর্তাদের কাছ থেকে প্রশিক্ষণের পাশাপাশি এর বিভিন্ন প্রতিযোগিতা ও দক্ষতা বৃদ্ধিমূলক কর্মসূচিতে অংশ নেয়ার সুযোগ পাবে। বাংলালিংকের চিফ হিউম্যান রিসোর্সেস অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন অফিসার মনজুলা মোরশেদ ও ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপ-উপাচার্য ড. মো. জিয়াউল হক মামুন নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন।

